# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৮৮

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯) প্রথম কাতারে নামায পড়ার প্রতি উদ্বুদ্ধ করন এবং কাতার সোজা করা ও কাতারের ডান দিকের ফযীলতের বর্ণনা

## الترغيب في الصف الأول وما جاء في تسوية الصفوف والتراص فيها وفضل ميامنها

আরবী

(صحيح) عن أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال لَوْ يَعْلَمُ النَّاسُ مَا فِي النِّدَاءِ وَالصَّفِّ الْأَوَّلِ ثُمَّ لَمْ يَجِدُوا إِلَّا أَنْ يَسْتَهِمُوا عَلَيْهِ لَاسْتَهَمُوا . رواه البخاري ومسلم

বাংলা

৪৮৮. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ”মানুষ যদি জানতো আযান দেয়া ও প্রথম কাতারে নামায পড়ার মধ্যে কি মর্যাদা রয়েছে, তাহলে তা পাওয়ার জন্য যদি লটারি করা ছাড়া কোন উপায় না পেত, তবে তারা লটারিই করত।”

(বুখারী ৬১৫ ও মুসলিম ৪৩৭, ৪৩৯)

তবে মুসলিমের বর্ণনায় রয়েছেঃ

لَوْ تَعْلَمُونَ مَا فِي الصَّفِّ الْمُقَدَّمِ لَكَانَتْ قُرْعَةً

”যদি তোমরা জানতে সামনের কাতারে কি ফযীলত আছে, তাহলে অবশ্যই লটারি করতে বাধ্য হতে।”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88268

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন